



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
www.nstda.gov.bd

স্মারক নম্বর: ০৩.১৪.২৬৯২.০০০.৮৭৯.৯৯.০০০৬.২১.৮৬

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
২০ মে ২০২৬

বিষয়: টুলস্ মুদ্রণ ও বিতরণ কার্যক্রম ব্যয় সাশ্রয়ী, টেকসই ও যুগোপযোগীকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের অর্থনৈতিক উন্নয়নে দক্ষ জনশক্তি তৈরি ও রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির নিমিত্তে বিদেশে দক্ষ জনশক্তি রপ্তানি নিশ্চিত করা বর্তমান সরকারের একটি নির্বাচনী অঙ্গীকার। এ লক্ষ্য বাস্তবায়নে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ অনুযায়ী এনএসডিএ বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো (BNQF) অনুসরণ করে দেশে দক্ষতা উন্নয়ন, মান নিয়ন্ত্রণ, অভিন্ন কারিকুলাম অনুমোদন, অ্যাসেসমেন্ট ও জাতীয় দক্ষতা সনদ (NSC) প্রদান করছে। অর্থ, সময় ও শ্রমের সাশ্রয় করা এবং এনএসডিএ এর সক্ষমতা বৃদ্ধি ও দক্ষতা সনদের গুণগতমান বজায় রাখার জন্য অ্যাসেসমেন্ট প্রক্রিয়া সহজীকরণ ও যুগোপযোগী করা প্রয়োজন।

০২। বিদ্যমান পদ্ধতিতে এনএসডিএ কর্তৃক টুলস্ (প্রশ্ন) মুদ্রণ করে সিলগালাকৃত খামে প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রতিনিধির নিকট হস্তান্তর করা হয়। এই প্রক্রিয়ায় প্রতি সপ্তাহে ১৭-২০ হাজার প্রার্থীর জন্য প্রায় পাঁচ লক্ষ পৃষ্ঠা মুদ্রণ করা হয়। বিদ্যমান মুদ্রণ ব্যবস্থা যুগোপযোগী, ব্যয় সাশ্রয়ী ও টেকসই করণের লক্ষ্যে এনএসডিএ এর নির্বাহী চেয়ারম্যান (সচিব) মহোদয়ের সভাপতিত্বে কার্যনির্বাহী কমিটির সদস্যগণের প্রতিনিধি, এসটিপি প্রধান এবং অ্যাসেসমেন্ট অন্যান্য অংশীজনদের নিয়ে একটি সভা করা হয়।

০৩। উল্লিখিত সভায় টুলস্ মুদ্রণ ও বিতরণ কার্যক্রম যুগোপযোগী ও টেকসই করণের নিমিত্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) টুলস্ এর উল্লিখিত অংশ এনএসপিতে আপলোড করা হবে এবং এসটিপিসমূহ অ্যাসেসমেন্ট সংখ্যা অনুসারে তা মুদ্রণপূর্বক সংরক্ষণ করবে।

(খ) টুলস্ এর পর্যাপ্ত সংখ্যক জব নমুনা হিসেবে এনএসপিতে আপলোড করা হবে এবং এসটিপি নমুনা জবসিট অ্যাসেসমেন্ট সংখ্যা অনুসারে মুদ্রণপূর্বক সংরক্ষণ করবে। টুলস্ এর গোপনীয় অংশ এবং জব সম্পাদনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা এনএসডিএ কর্তৃক অ্যাসেসমেন্টের নির্ধারিত সময় পূর্বে পাসওয়ার্ড প্রটেক্টেড ফাইল হিসেবে এসটিপি প্রধান বরারবর ই-মেইলযোগে প্রেরণ করার পর এসটিপি কর্তৃক অ্যাসেসমেন্ট সংখ্যা অনুসারে মুদ্রণ করতে হবে।

(গ) কোন এসটিপি'র মুদ্রণ করার সক্ষমতা না থাকলে শুধুমাত্র টুলস্ এর জব ও গোপনীয় অংশ এনএসডিএ কর্তৃক বিদ্যমান পদ্ধতিতে মুদ্রণপূর্বক হস্তান্তর করা হবে; এক্ষেত্রে এসটিপি প্রতিনিধি কর্তৃক এনএসডিএ হতে মুদ্রণকৃত টুলস্ গ্রহণ করতে হবে। তবে এই পদ্ধতি এসটিপি সক্ষমতা অর্জন না করা পর্যন্ত একটি নির্দিষ্ট সময়ের জন্য কার্যকর থাকবে।

০৪। বর্ণিতব্যস্তায়, উল্লিখিত সিদ্ধান্ত ৪(ক) অনুসারে টুলস্ এর উল্লিখিত অংশ অর্থাৎ সেলফ অ্যাসেসমেন্ট গাইড অ্যান্ড এগ্রিমেন্ট সিট (২ পাতা), অবজারভেশন চেকলিস্ট (২ পাতা) এবং কার্স কপি (২ পাতা) ইতোমধ্যে এনএসপিতে আপলোড করা হয়েছে। এসটিপিসমূহকে অ্যাসেসমেন্ট সংখ্যা অনুসারে তা মুদ্রণপূর্বক সংরক্ষণ করার, অ্যাসেসমেন্ট শুরু করার পূর্বে অ্যাসেসমেন্টের নিকট হস্তান্তর করার এবং টুলসের গোপনীয় ও অন্যান্য অংশ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সকল এসটিপিকে এনএসডিএ হতে গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০-০৫-২০২৬

মোঃ আব্দুর রহমান
পরিচালক, অ্যাসেসমেন্ট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। এসটিপি, প্রধান... (সকল)।

২। অ্যাসেসর, ... (সকল)।

স্মারক নম্বর: ০৩.১৪.২৬৯২.০০০.৮৭৯.৯৯.০০০৬.২১.৮৬/১ (১৫)

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
২০ মে ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক,, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
- ২। মহাপরিচালক,, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৩। মহাপরিচালক,, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন, ঢাকা।
- ৪। মহাপরিচালক,, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। মহাপরিচালক,, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৬। মহাপরিচালক,, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), তেজগাঁও, ঢাকা।
- ৭। মহাপরিচালক,, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক,, জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল (এনএইচআরডিএফ), অর্থ মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা।
- ৯। চেয়ারম্যান,, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ১০। প্রকল্প পরিচালক,, অ্যাকসেলারেটিং অ্যান্ড স্ট্রেনদেনিং স্কিলস ফর ইকনমিক ট্রান্সফরমেশন (ASSET) প্রকল্প, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
- ১১। সদস্য,, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ ... (সকল)।
- ১২। সভাপতি, ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল (আইএসসি), ... (সকল)।
- ১৩। পরিচালক/ সিস্টেম এনালিস্ট,, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ ... (সকল)।
- ১৪। উপপরিচালক,, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ..... (সকল)।
- ১৫। সহকারী পরিচালক, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, (সকল)।



২০-০৫-২০২৬

সত্যজিৎ চন্দ্র রায়

সহকারী পরিচালক (দক্ষতা কার্যক্রম সমন্বয়)